[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

সাংবাদিকদের সাথে শৈলকুপার আওয়ামীলীগের মেয়র প্রার্থীর মতবিনিময়

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার আওয়ামীলীগ মনোনিত প্রার্থী কাজী আশরাফুল আজমের সাথে শৈলকুপায় কর্মরত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সোমবার বেলা ২টায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ইলেকট্রনিক ও প্রিনাট মিডিয়ার বেশ কয়েকজন সাংবাদিক তাদের বক্তব্য তুলে ধরেন।

পরে পৌর মেয়র প্রার্থী ও বর্তমান মেয়র কাজী আশরাফুল আজম তার বক্তব্যে বলেন, শৈলকুপা পৌর এলাকায় পুঞ্জীভূত সমস্যা সমাধানে আমি বদ্ধপরিকর। পৌর নাগরিকদের সার্বিক সুযোগ-সুবিধা প্রদানে কাজ করে যাচ্ছি। পানিবদ্ধতা নিরসন, যানজট, হাটবাজার উন্নয়ন, ড্রেনেজ সমস্যা দূরীকরণ, অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ, শিক্ষার উন্নয়ন এবং মাদকদ্রব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে আমি দৃঢ়প্রতিজ্ঞ। পৌর মেয়র আরো বলেন, দুর্নীতিমুক্ত একটি আধুনিক পৌরসভা গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। শৈলকুপা পৌরসভার সার্বিক উন্নয়নে আমি সমাজের বিভিন্ন পেশাজীবীর সহযোগিতা ও ভোট কামনা করছি, আমার অসমাপ্ত কাজগুলো আমি পুনরায় নির্বাচিত হলে সম্পন্ন করবো। আমি বিশ্বাস করি ভোটাররা আবারও আমাকে ভোট দিয়ে জয়যুক্ত করবে। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, আমি এই পৌরসভার প্রতিটি মানুষের অস্থিমজ্জ্বায় মিশে আছি। পরিশ্রম আমাকে আজ একটি ভালো স্থান দিয়েছে। নদী কেন্দ্রীক এই পৌর শহরকে সাজাতে একমাত্র সুষ্ঠ ও সুন্দর পরিকল্পনাই পারবে শেকর থেকে শিখরে নিয়ে যেতে। দল আমাকে সুযোগ দিয়েছে সেটাকে আরেকবার কাজে লাগাবো ইনশাআল্লাহ।উল্লেখ্য আগামী ১৬ই ডিসেম্বর ২য় ধাপে শৈলকুপা পৌরসভার নির্বচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে ১’শ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১’শ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সোমবার দুপুরে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের ঈদগাহ মাঠের সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, চুয়াডাঙ্গা জেলার কার্পাসডাঙ্গা গ্রামের ইউনুস আলীর ছেলে রেজাউল হক (৪০), একই গ্রামের হাইদার আলীর স্ত্রী বেগম (৫০), মাজ্জুল হোসেন এর ছেলে শাহাজামাল মিয়া (৩৮)।

এসময় তাদের সাথে থাকা একটি ইজিবাইক, ৩টি মোবাইল জব্দ করা হয়। অভিযানে অংশনেন এ এস আই মাহাতাব ও এ এস আই জসিম উদ্দিন।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে অভিযান চালিয়ে ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃতদের বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

স্বপ্ন ভেঙ্গে গেল যাত্রা শিল্পী গাংনীর মালা খাতুনের

কোনমতে সংসার চালাতে ঋণ নিয়ে গাংনী ঈদগাহ পাড়ায় প্রধান সড়কের পাশে ছোট্ট একটি কাঠের দোকান দিয়েছেন মালা খাতুন। পান, বিড়ি আর সামান্য কিছু মুদি পণ্য নিয়ে যার কারবার। এর থেকে যা আয় হয় তা দিয়ে খেয়ে না খেয়ে দিন পার হয় মালা খাতুনের। এভাবে জীবনের শেষ সময় পার করার চেষ্টা করছিলেন এক সময়ের তুখোড় যাত্রা শিল্পী

মালা। রোববার রাতে চোরের নির্মমতায় পথে বসছে মালা খাতুন।

পুর্ব শত্রুতায় রাতের আধারে দোকানের তালা ভেঙে এই চুরি বলে জানান মালা খাতুন। তবে চোর শুধু দোকান ভেঙ্গে মালামালই চুরি করেনি চুরি হয়েছে মামার স্বপ্ন।

মালা খাতুন জানান, নির্বাচনের সময় তাই সিগারেটের দাম বৃদ্ধি পেয়েছে। এনজিও থেকে ঋণ নিয়ে রোববার দুপুরে তিনি ১০ হাজার টাকার উপরে সিগারেট ক্রয় করেছিলেন। চোর তার দোকান থেকে ওই সিগারেটসহ আরো কিছু পণ্য নিয়ে গেছে। এখন তার পক্ষে আর দোকান দাঁড় করানো সম্ভব না। তাই চোখের পানি ঝরানো ছাড়া তার কাছে কোন রাস্তা নেই।
এদিকে সকালে চুরির খবর পেয়ে আশেপাশের লোকজন সেখানে জড়ো হলে মালা কান্নাকাটি করতে থাকে। স্থানীয়রা জানান, গাংনীর শহরে কিংবা বিভিন্ন এলাকাতে চুরির ঘটনা বৃদ্ধি পেয়েছে। প্রশাসনিক তৎপরতা বৃদ্ধি প্রয়োজন বলে দাবী করেন তারা।

এ বিষয়ে গাংনী থানার ওসি বজলুর রহমান বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হচ্ছে। চুরির সাথে জড়িত তাদেরকে গ্রেপ্তার এবং চুরির মালামাল উদ্ধারে জোর চেষ্টা করছে পুলিশ।

মুজিবনগরে প্রাতিষ্ঠানিকীকরন প্রকল্প

মুজিবনগরে চার ইউনিয়নের চেয়ারম্যান,ইউপি সদস্যগন ও ইউনিয়ন পরিষদের সচিবসহ পরিষদের ষ্টাফদের নিয়ে পারস্পারিক শিখন কর্মসূচি প্রাতিষ্ঠানিকীকরন প্রকল্প উপজেলা ভিত্তিক ভালো শিখন চিহ্নিতকরন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
সোমবার সকালে দিনব্যাপী উপজেলা পরিষদ অডিটরিয়মে এ কর্মশালা শুরু হয়।
উক্ত কর্মশালায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা। প্রাতিষ্ঠানিকীকরন প্রকল্প উপজেলা ভিত্তিক ভালো শিখন চিহ্নিতকরনের কর্মশালায় প্রশিক্ষক হিসাবে উপস্থিত থেকে সকলের সামনে বিভিন্ন বিষয় তুলে ধরে উপস্থাপনা করেন প্রজেক্ট কডিনেটর মিজানুর রহমান আকন্দ।
এ সময় অন্যদের মধ্যে প্রজেক্ট অফিসার সোসাল মোবিলাইজেশন প্রকাশ কুমার বিশ্বাস,একাউন্টস এডমিন এসএম রমজান আলী উপস্থিত ছিলেন।

খোকসা পৌরসভার ভোট গ্রহণ শুরু

কুষ্টিয়া খোকসা পৌরসভা নির্বাচনে ভোটগ্রহণ শুরু হয়েছে। আজ সকাল ৮ টায় পৌরসভার নয়টি ভোটকেন্দ্রে একযোগে এ ভোট গ্রহণ শুরু হয়। এবার প্রথমবারের মতো এ পৌরসভায় ইলেকট্রনিক ভোটিং মেশিন বা ইভিএম পদ্ধতিতে ভোট দিচ্ছেন ভোটাররা। সকালে পৌর ভবন সহ বেশ কয়েকটি কেন্দ্রে ঘুরে ভোটারদের উপস্থিতি লক্ষ্য করা গেছে। তবে ভোটকেন্দ্রগুলোতে পুরুষ ভোটারের তুলনায় নারী ভোটারের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে এ ভোট গ্রহণ শুরু হলেও ভোট কেন্দ্রগুলো ঘুরে বেশিরভাগ কেন্দ্রে বিএনপি মনোনীত প্রার্থীর এজেন্ট খুঁজে পাওয়া যায়নি।

খোকসা পৌরসভা নির্বাচনে এবার মেয়র পদে দুইজন প্রার্থী নির্বাচনে অংশ নিচ্ছেন। এরা হলেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী তারিকুল ইসলাম এবং বিএনপি মনোনীত প্রার্থী রাজু আহমেদ।

এছাড়া এ পৌরসভার কাউন্সিলর পদে ৩১ জন এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ১০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ পৌরসভার মোট ভোটার সংখ্যা ১৪ হাজার ৯৪০ জন।

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে চরমপন্থী সংগঠনের সদস্য আটক

কুষ্টিয়ায় অভিযান চালিয়ে অস্ত্রগুলিসহ রাশিদুল ইসলাম (৪৫) নামের এক চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্যকে আটক করেছে র্যাব সদস্যরা।

রবিবার রাতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর এলাকা থেকে তাকে আটক করা হয়।

এসময় ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া ও ৪ টি ঢাল উদ্ধার করা হয়।

আটককৃত রাশিদুল ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের মৃত তোরাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-১ এর কোম্পানী কমান্ডার মেজর গাফ্ফারুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামে অভিযান চালিয়ে চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্য রাশিদুল ইসলামকে ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া, ৪ টি ঢাল সহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে এলাকায় হত্যা, গুম, চাদাবাজি, অপহরন, নারী লুষ্ঠন সহ বিভিন্ন ধরনের অপকর্ম সহ তার বিরুদ্ধে ৫ টি হত্যা মামলা ও ১ টি সাধারন ডায়েরী রয়েছে।
তার বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

“মুজিবনগরে বিশ্ববিদ্যালয়”

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তবে ভোটকেন্দ্রগুলোতে পুরুষ ভোটারের তুলনায় নারী ভোটারের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে এ ভোট গ্রহণ শুরু হলেও ভোট কেন্দ্রগুলো ঘুরে বেশিরভাগ কেন্দ্রে বিএনপি মনোনীত প্রার্থীর এজেন্ট খুঁজে পাওয়া যায়নি।

খোকসা পৌরসভা নির্বাচনে এবার মেয়র পদে দুইজন প্রার্থী নির্বাচনে অংশ নিচ্ছেন। এরা হলেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী তারিকুল ইসলাম এবং বিএনপি মনোনীত প্রার্থী রাজু আহমেদ।

এছাড়া এ পৌরসভার কাউন্সিলর পদে ৩১ জন এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ১০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ পৌরসভার মোট ভোটার সংখ্যা ১৪ হাজার ৯৪০ জন।

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে চরমপন্থী সংগঠনের সদস্য আটক

কুষ্টিয়ায় অভিযান চালিয়ে অস্ত্রগুলিসহ রাশিদুল ইসলাম (৪৫) নামের এক চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্যকে আটক করেছে র্যাব সদস্যরা।

রবিবার রাতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর এলাকা থেকে তাকে আটক করা হয়।

এসময় ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া ও ৪ টি ঢাল উদ্ধার করা হয়।

আটককৃত রাশিদুল ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের মৃত তোরাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-১ এর কোম্পানী কমান্ডার মেজর গাফ্ফারুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামে অভিযান চালিয়ে চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্য রাশিদুল ইসলামকে ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া, ৪ টি ঢাল সহ আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে এলাকায় হত্যা, গুম, চাদাবাজি, অপহরন, নারী লুষ্ঠন সহ বিভিন্ন ধরনের অপকর্ম সহ তার বিরুদ্ধে ৫ টি হত্যা মামলা ও ১ টি সাধারন ডায়েরী রয়েছে।

তার বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।